

AKASHVANI (AIR)**RNU : KOLKATA****Bengali Text Bulletin****Date: 29.11.2024****Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবর –

১) আগামী ডিসেম্বর মাস থেকে আরও পাঁচ লক্ষ মহিলা লক্ষ্মীর ভান্ডার প্রকল্পের টাকা পাবেন। রাজ্য বিধানসভার প্রস্তোত্তর পর্বে আজ নারী ও শিশু কল্যাণ মন্ত্রী শশী পাঁজা জানিয়েছেন।

২) ২০২১ এর বিধানসভা নির্বাচনে রাজ্যে ক্ষমতা দখল করতে না পেরে স্বপ্নভঙ্গের জ্বালা মেটাতেই কেন্দ্রে বিজেপি সরকার ১০০ দিনের কাজ ও আবাস যোজনার টাকা আটকে রেখেছে বলে রাজ্য সরকারের তরফে দাবি করা হয়েছে।

বিজেপি অবশ্য সেই অভিযোগ খন্ডন করে বলেছে, বাংলা বঞ্চিত নয় – তৃণমূল কংগ্রেসই রাজ্যের মানুষকে বঞ্চিত করেছে।

৩) বাংলাদেশে ইসকনের সন্ন্যাসী চিন্ময় কৃষ্ণ দাসের গ্রেফতারের ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করেছে ইসকন।

রাজ্যজুড়ে সনাতনী ধর্মাচরণের ওপর হিংসার প্রতিবাদে বিধানসভায় আজ বিজেপি পরিষদীয় দল বিক্ষোভ দেখায়।

৪) আর জি কর দুর্নীতি কাণ্ডে সিবিআই আজ শিয়ালদা আদালতে পাঁচ জনের নামে চার্জশিট পেশ করেছে।

৫) কাউন্সিলার সুশান্ত ঘোষকে লক্ষ্য করে গুলি ছোঁড়ার ঘটনায় পুলিশ আজ আরও একজনকে গ্রেফতার করেছে।

৬) দার্জিলিং-এ নক্সাল বাড়ির তৃণমূল কংগ্রেস নেতা ফ্রান্সিস এক্কার বাড়ি থেকে প্রায় ১৭ কোটি টাকার তেজস্বক্রিয় রাসায়নিক উদ্ধারের ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে।

৭) রাজকোটে, সৈয়দ মুস্তাক আলি ট্রফি টি-টোয়েন্টি ক্রিকেটে মধ্যপ্রদেশ, ৬ উইকেটে বাংলাকে পরাজিত করেছে।

০০০০০০০০০০০০০০০০

আগামী ডিসেম্বর মাস থেকে আরও পাঁচ লক্ষ মহিলা লক্ষ্মীর ভান্ডার প্রকল্পের টাকা পাবেন। রাজ্য বিধানসভার প্রশ্নোত্তর পর্বে আজ নারী ও শিশু কল্যাণ মন্ত্রী শশী পাঁজা একথা জানিয়েছেন।

তিনি বলেন, ২০২৪ সালের ৩০ জুন পর্যন্ত রাজ্যে ২ কোটি ১৫ লক্ষ ৮৮ হাজার ৭৭৫ জন মহিলা লক্ষ্মী ভাণ্ডারের সুবিধা পেয়েছেন। এজন্য রাজ্য সরকারের খরচ হয়েছে ১৩ লক্ষ ৫২৩ হাজার কোটি টাকার বেশি। আগামী ডিসেম্বর মাস থেকে রাজ্যে লক্ষ্মী ভাণ্ডারের সুবিধা পাবেন প্রায় ৬০ বছরের মধ্যে থাকা পাঁচ লক্ষ মহিলা। শুধু তাই নয় রাজ্যে যে সব মহিলার বয়স ৬০ বছরের বেশি তারা পাবেন বার্ষিক্য ভাতা। রাজ্যে এখন বিধবা ভাতা পান ৪৩ হাজার ৯০০ জন বলেও তিনি জানান।

০০০০০০০০০০০০০০০০০

শিশুদের উন্নয়নে কেন্দ্রীয় সরকার প্রকল্প বন্ধ করে দিলেও রাজ্যের সরকারি ও সরকারী সাহায্যপ্রাপ্ত বিদ্যালয়গুলিতে নিয়মিত মিড ডে মিল দেওয়া এবং বিভিন্ন প্রকল্পের জন্যে রাজ্যে শিশু শ্রমিকের সংখ্যা শূন্যে নেমে এসেছে। বিধানসভায় আজ প্রশ্ন উত্তর পর্বে শ্রম মন্ত্রী মলয় ঘটক এ কথা জানান।

পরিসংখ্যান দিয়ে তিনি বলেন, ২০২১ সালে রাজ্যে ৬ জন শিশু শ্রমিক থাকলেও চলতি বছরে তা শূন্যে নেমে এসেছে। সবুজশ্রী, কন্যাশ্রী, সবুজ সাথীর মত প্রকল্পের পাশাপাশি মিড ডে মিলের জন্যে এটা সম্ভব হয়েছে বলেও তাঁর দাবি।

০০০০০০০০০০০০০০০০০

২০২১ এর বিধানসভা নির্বাচনে রাজ্যে ক্ষমতা দখল কোরতে না পেরে স্বপ্নভঙ্গের জ্বালা মেটাতেই কেন্দ্রে বিজেপি সরকার ১০০ দিনের কাজ ও আবাস যোজনার টাকা আটকে রেখেছে বলে পঞ্চায়েত ও গ্রামোন্নয়নমন্ত্রী প্রদীপ মজুমদার দাবি করেছেন। তিনি আজ বিধানসভায় কেন্দ্রের বিরুদ্ধে রাজ্যকে আর্থিক ভাবে বঞ্চনার অভিযোগ তুলে একটি প্রস্তাবের উপর আলোচনায় অংশ নেন। তথ্য পরিসংখ্যান তুলে ধরে মন্ত্রী দাবি করেন কেন্দ্রীয় প্রকল্পে বরাদ্দ বন্ধ হয়ে যাওয়ার জন্য বিরোধীরা টাকা নয় ছয়, ইউটিলাইজেশন সার্টিফিকেট না দেওয়ার মতো যে সব ওজর তুলছেন তা সত্যি নয়। তাঁর পাল্টা দাবী ২০১৫-১৬ থেকে ১৮-১৯ অর্থবছর পর্যন্ত টানা চারবার কেন্দ্রীয় সরকারের কাছ থেকেই ১০০ দিনের কাজে সেরা রাজ্যের তকমা পেয়েছে পশ্চিমবঙ্গ। আবাস প্রকল্পেও রাজ্য সরকারের পাঠানো নথিপত্র গ্রহণ করে ১১ লক্ষ বাড়ি তৈরীর অনুমোদন দেয়া

হয়েছিল। অথচ ২০২১ এর বিধানসভা ভোটের পর থেকেই এই দুই প্রকল্পে অর্থ সাহায্য বন্ধ করে দিয়েছে কেন্দ্র।

এর আগে আলোচনায় অংশ নিয়ে রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বিধানসভায় আনা প্রস্তাবটিকেই রাজনৈতিক বলে দাবি করেন। পাল্টা পরিসংখ্যা দিয়ে তিনি জানান পূর্বতন ইউপিএ সরকারের আমলের তুলনায় এনডিএ সরকারের জমানায় অনেক বেশি কেন্দ্রীয় সাহায্য পেয়েছে রাজ্য। আবাস, ১০০ দিনের কাজের মত যেসব প্রকল্পে টাকা আটকে আছে তা রাজ্য সরকারেরই দোষে। সেখানে হয় প্রকল্পের হিসেবে গরমিল করা হয়েছে, অথবা বরাদ্দ অর্থ ঠিকমতো খরচ করে নিয়মমাফিক ব্যবহারের শংসাপত্র দেওয়া হয়নি।

পঞ্চায়েত মন্ত্রী পাল্টা পরিসংখ্যান দিলে তার বিরোধিতা করে শুভেন্দু অধিকারীর নেতৃত্বে বিজেপি সদস্যরা সভা থেকে ওয়াক আউট করেন।

আলোচনা শেষে প্রস্তাবটি ধ্বনি ভোটে সভায় গৃহীত হয়।

০০০০০০০০০০০০০০০০০০০০

পরে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে বিরোধী দলনেতা অভিযোগ করেন, বাংলা বঞ্চিত নয়। তৃণমূল কংগ্রেস এ রাজ্যের মানুষকে বঞ্চিত করছে। দুর্নীতিগ্রস্ত রাজ্য সরকার রাজনৈতিক স্বার্থে মানুষের অধিকার কেড়ে নিচ্ছে।

শ্রী অধিকারী আবাস যোজনা, ১০০ দিনের কাজ সহ বিভিন্ন সামাজিক প্রকল্পে দুর্নীতি বন্ধ করার দাবি জানান। দুর্নীতিতে জড়িতদের অবিলম্বে গ্রেপ্তার এবং বেআইনিভাবে যারা এই প্রকল্পগুলির সুবিধা পেয়েছে তাদের কাছ থেকে টাকা ফেরত, গ্রাম সংসদের সভা ডেকে আবাসের তালিকা স্পষ্ট করার পাশাপাশি বিরোধী দলের বিধায়কদের নিয়ে বৈঠক ডাকারও দাবি জানান তিনি।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

আবাস যোজনার সমীক্ষার সময় প্রতিবেশীর মহিলার কাঁচা বাড়ি দেখিয়ে তালিকায় নাম তোলার অভিযোগ উঠল পূর্ব বর্ধমানের পূর্বস্থলী ২ ব্লকের মাজিদা পঞ্চায়েতের পশ্চিম আটপাড়ায়। মহকুমা শাসকের কাছে লিখিত অভিযোগে মাজিদা পঞ্চায়েতের পশ্চিম আটপাড়ার বাসিন্দা আনসুরা বিবি জানিয়েছেন নিজের পাকা বাড়ি থাকা সত্ত্বেও সরকারি আবাস যোজনায় প্রতিবেশী রহিম সেখের নাম রয়েছে। আবাস যোজনার সমীক্ষায় আসা প্রতিনিধি দলকে রহিম শেখ

তাঁর মাটির বাড়ি নিজের বাড়ি বলে দেখান। আবাস যোজনার তালিকায় রহিমের নাম কেটে তাঁর নাম অন্তর্ভুক্ত করার আবেদন জানিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০

আসন্ন বিশ্ববঙ্গ বানিজ্য সম্মেলনের প্রস্তুতি নিয়ে রাজ্য সরকার আজ এক বৈঠক করে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির পৌরহিত্যে দক্ষিণ কলকাতার আলিপুরের সৌজন্য অতিথিশালায় আয়োজিত এই বৈঠকে মুখ্যসচিব মনোজ পন্থ, স্বরাষ্ট্র সচিব নন্দিনী চক্রবর্তী, রাজ্য পুলিশের ডিজিপি ছাড়াও বিভিন্ন বনিকসভা সংগঠনের প্রতিনিধি ও রাজ্যের শিল্পপতিরা উপস্থিত ছিলেন।

বৈঠক নিয়ে সরকারিভাবে কিছু না জানানো হলেও সেখানে সম্মেলনের রূপরেখা নিয়ে আলোচনা হয়েছে বলে সূত্রের খবর।

বৈঠকের পরে মুখ্যমন্ত্রী শিল্পপতিদের সঙ্গে বিজয়া সম্মিলনীতে অংশ নেন বলেও জানা গেছে।

০০০০০০০০০০০০০০০০০০

রাজ্য জুড়ে সনাতনী ধর্মাচরণের উপর হিংসার প্রতিবাদে বিজেপি পরিষদীয় দল আজ বিধানসভায় বিক্ষোভ দেখায়। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী এর নেতৃত্ব দেন। পরে এক সাংবাদিক বৈঠকে বিরোধী দলনেতা জানিয়েছেন,এবিষয়ে আলোচনার জন্য মূলতবি প্রস্তাব আনা হলে অধ্যক্ষ সেই প্রস্তাব পাঠ করতে দেননি। তিনি অভিযোগ করেন,অতীতের সব রেকর্ড ভেঙে দিয়ে রাজ্যে প্রতিটি পুজোতে আক্রমণ এবং সনাতনীর আক্রান্ত হচ্ছেন। এখনো পর্যন্ত কোনো অপরাধীকে গ্রেফতার করা হয়নি। শ্রী অধিকারী আরও বলেন,

(বাইট – শুভেন্দু)

অন্যদিকে, তৃণমূল কংগ্রেস নেতা কুনাল ঘোষ সাংবাদিকদের বলেন -

(বাইট – কুনাল)

০০০০০০০০০০০০০০০০০০

বাংলাদেশে সাম্প্রতিক ঘটনায় উদ্বেগ প্রকাশ করেছে কংগ্রেসও। এক প্রেস বিবৃতিতে প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার বলেন ,কংগ্রেস সব সময় শান্তির পক্ষে কথা বলে। শুভঙ্কর বাবু

বলেন, যে কোন রাষ্ট্রের দায়িত্ব সংখ্যালঘুদের নিরাপত্তা, সুরক্ষা দেওয়া। বাংলাদেশ সরকার যাতে রাজধর্ম পালন করে সেই আবেদনও জানিয়েছেন তিনি। সেখানে কিছু রাজনৈতিক দল তাদের স্বার্থ চরিতার্থ করতে এই ঘটনা থেকে ফায়দা তোলার চেষ্টা করছে বলেও শুভঙ্কর বাবু অভিযোগ।

০০০০০০০০০০০০০০০০

এদিকে, বাংলাদেশে ইসকনের সন্ন্যাসী চিন্ময় কৃষ্ণ দাসের গ্রেফতারের ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করেছে ইসকন। ইসকন কলকাতার সহ-সভাপতি রাধারমন দাস বলেন, তারা একটি অরাজনৈতিক সংগঠন, ইসকন মানুষের সেবা, নাম সংকীর্তন, প্রসাদ বিতরণ ইত্যাদির মধ্য দিয়েই আনন্দ অনুভব করে।

তাদের যে সমস্ত ভক্ত বাংলাদেশে রয়েছেন, তারা যাতে নির্ভয়ে সেখানে ধর্ম পালন করতে পারেন ও সুরক্ষিত থাকেন সেটাই তাঁর আন্তরিকভাবে চান। বাংলাদেশে যে দলই সেখানে ক্ষমতায় আসুক না কেন, সেখানে সংখ্যালঘুরা থাকেন, সেই আর্জিও জানান তিনি।

০০০০০০০০০০০০০০০০

আর জি কর দুর্নীতি কাণ্ডে সিবিআই আজ শিয়ালদা আদালতে চার্জশিট পেশ করেছে। আর জি কর হাসপাতালের প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষ সহ মোট ৫ জনের নাম রয়েছে এই চার্জশিটে। বাকিরা হলো, ছাত্র নেতা আশীষ পাণ্ডে, ভেন্ডার বিপ্লব সিং, সুমন হাজরা ও সন্দীপ ঘোষের নিরাপত্তারক্ষী আফসর আলি।

কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা আজ আলিপুর আদালতে ১-শো পাতার এই চার্জশিট জমা দেন। সঙ্গে ছিল ১ হাজার পাতার নথিও।

উল্লেখ্য, আর জি কর মেডিকেল কলেজ হাসপাতালের আর্থিক দুর্নীতি মামলায় প্রথম গ্রেফতার হন সন্দীপ। টানা কয়েকদিন সিবিআই দফতরে জিজ্ঞাসাবাদের পর তাকে গ্রেফতার করা হয়। পরে মামলার সূত্র ধরেই তদন্তকারীরা বিপ্লব সিংহ, আফসর আলি ও সুমন হাজরাকে গ্রেফতার করে। তারপর ধরা হয় সন্দীপ ঘনিষ্ঠ ভূগমূল ছাত্র নেতা আশীষ পাণ্ডেকে।

উল্লেখ্য, গত ৯-ই আগস্ট আর জি কর হাসপাতালে চারতলার সেমিনার হল থেকে উদ্ধার হয় তরুণী পিজিটি চিকিৎসকের মৃতদেহ। তাকে খুন ও ধর্ষণের ঘটনায় মূল অভিযুক্ত সিভিক ভলান্টিয়ার সঞ্জয় রায় সিবিআই হেফাজতে। শিয়ালদা আদালতে তার বিচার প্রক্রিয়া চলেছে।

ওই ঘটনায় প্রমাণ লোপাটের অভিযোগে কেন্দ্রীয় তদন্ত সংস্থা সন্দীপ ঘোষ ও টালা থানার তৎকালীন ওসি অভিজিৎ মন্ডলকেও গ্রেফতার করে।

০০০০০০০০০০০০০০০০০০

নিয়োগ দুর্নীতি মামলায় ধৃত যুব তৃণমূল কংগ্রেস নেতা কুন্তল ঘোষ, ইডি-র পর এবার সিবিআই-এর মামলাতেও সুপ্রিম কোর্টে জামিন পেয়েছেন। এরফলে প্রায় ২৩ মাস পর তিনি জেল থেকে ছাড়া পেতে চলেছেন।

চাকরি প্রার্থীদের কাছ থেকে চাকরির প্রতিশ্রুতির বিনিময়ে বিপুল টাকা তোলার অভিযোগে ২০২৩-এর বিশেষ জানুয়ারী কুন্তলকে গ্রেফতার করে ইডি। তারপর নিয়োগ দুর্নীতি মামলায় সিবিআইও তাকে গ্রেফতার করে। তবে, শীর্ষ আদালত জানিয়েছে, তদন্তকারী সংস্থার অনুমতি ছাড়া পশ্চিমবঙ্গের বাইরে যেতে পারবেন না কুন্তল। মামলা বিচারাধীন থাকাকালীন কোন সরকারী পদেও থাকতে পারবেন না। পাশাপাশি তার বিরুদ্ধে চলা মামলা নিয়ে সংবাদ মাধ্যমের সামনে কোন বক্তব্য রাখতে পারবেন না।

উল্লেখ্য, এর আগে গত বিশেষ নভেম্বর কলকাতা হাইকোর্ট কুন্তলকে ইডি-র মামলায় জামিন মঞ্জুর করে।

০০০০০০০০০০০০০০০০০০

কাউন্সিলার সুশান্ত ঘোষকে লক্ষ্য করে গুলি ছোঁড়ার ঘটনায় পুলিশ আজ আরও একজনকে গ্রেফতার করেছে। মহম্মদ আলি নামে ওই ব্যক্তিকে ধরা হয় গুলশন কলোনী থেকে। এই নিয়ে পুলিশ এই ঘটনায় ৫ জনকে গ্রেফতার করল।

উল্লেখ্য, সুশান্ত ঘোষ বাড়ির সামনে বসেছিলেন, সেই সময় দুই দুষ্কৃতি বাইকে করে এসে তাকে লক্ষ্য করে গুলি ছোঁড়ার চেষ্টা করে। কিন্তু বন্দুক লক হয়ে যাওয়ায় সেই চেষ্টা ব্যর্থ হয়।

০০০০০০০০০০০০০০০০০০

দার্জিলিং-এ নক্সাল বাড়ির তৃণমূল কংগ্রেস নেতা ফ্রান্সিস এক্কার বাড়ি থেকে প্রায় ১৭ কোটি টাকার তেজস্বত্রিয় রাসায়নিক উদ্ধারের ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে।

ক্যালিফোর্নিয়াম নামে বহু মূল্যের ওই রাসায়নিকটি পুলিশ পরীক্ষার জন্য পাঠিয়েছে। পরমাণু চুল্লির মতো গুরুত্বপূর্ণ ক্ষেত্রে ব্যবহার করা হয় এই রাসায়নিক। এ মাসের ২৬ তারিখ পুলিশ ও এন ডি আর এফ যৌথ অভিযান চালিয়ে এই রাসায়নিক উদ্ধার করে। তার বাড়িতে রাসায়নিকের

পাশাপাশি ডি আর ডি ও-র নথিও পাওয়া গেছে। কিভাবে ওই তৃণমূল কংগ্রেস নেতার বাড়িতে ওই রাসায়নিক এলো পুলিশ তা খতিয়ে দেখছে। তিনি কোন চক্রের সঙ্গে জড়িত কিনা তাও খতিয়ে দেখা হচ্ছে। ধৃত নেতাকে ২৭-শে নভেম্বর মিরিক আদালতে তোলা হলে পাঁচ দিনের পুলিশ হেফাজতে পাঠানো হয়।

০০০০০০০০০০০০০০

৩০ তম কলকাতা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব শুরু হবে ৪ঠা ডিসেম্বর। এবারই প্রথম উৎসবের উদ্বোধন হবে আলিপুরের ধনধান্য প্রেক্ষাগৃহে। এবছর এই উৎসবের ফোকাস কান্ট্রি ফ্রান্স। সেদেশের কুড়িটি কাহিনীচিত্র প্রদর্শিত হবে।

অন্যান্যবারের মত নন্দন, রবীন্দ্রসদন, শিশির মঞ্চ সহ মহানগরের মোট কুড়িটি প্রেক্ষাগৃহে উৎসবের ছবিগুলি দেখানো হবে। উৎসব কমিটির মুখ্য উপদেষ্টা রাজ্যের মন্ত্রী অরুণ বিশ্বাস আজ এক সাংবাদিক সম্মেলনে জানান, এবার ২৯ টি দেশের ১৭৫টি ছবি নির্বাচন করা হয়েছে। প্রতিযোগিতা বিভাগে ৪২ টি কাহিনী চিত্র ও ত্রিশটি স্বল্পদৈর্ঘ্যের ও তথ্যচিত্র অংশ নিচ্ছে। এবছর পরিচালক তপন সিংহ, হরিসাধন দাশগুপ্ত, কণ্ঠশিল্পী তালাত মাহমুদ, মোহাম্মদ রফি সহমত ১১ জনকে শতবার্ষিকী সম্মাননা জানানো হবে। বৈঠকে তথ্য ও সংস্কৃতি দপ্তরের প্রতিমন্ত্রী ইন্দ্রনীল সেন বলেন, এবার সত্যজিৎ রায় স্মারক বক্তৃতা দেবেন বিশিষ্ট চলচ্চিত্র ব্যক্তিত্ব “আর বালকি”। প্রতিবারের মতো এবারও থাকছে মাস্টার ক্লাস এবং সিনেমা সংক্রান্ত সেমিনার ও মতবিনিময়।

(বাইট – ইন্দ্রনীল সেন)

০০০০০০০০০০০০০০০০

রাজকোটে আজ সৈয়দ মুস্তাক আলি ট্রফি টি টোয়েন্টি ক্রিকেটে মধ্য প্রদেশ ছয় উইকেটে বাংলাকে পরাজিত করেছে।

প্রথমে ব্যাট করে বাংলা ৯ উইকেটে ১৮৯ রান তোলে। করণ লাল ৪৪, শাহবাজ আহমেদ ৩৭ রান করেছেন। শিবম শুল্লা চারটি উইকেট নেন।

জবাবে দু বল বাকি থাকতেই মধ্য প্রদেশ চার উইকেটে প্রয়োজনীয় রান তুলে নেয়। রজত পাতিদর ৬৮ রান করেন।

০০০০০০০০০০০০০০০০

নাগাল্যান্ডের সোভিমায় কোচ বিহার ট্রফি ক্রিকেটে বাংলা ১ ইনিংস ও ২০৬ রানে নাগাল্যান্ডকে হারিয়ে দিয়েছে। আজ দ্বিতীয় দিনে বাংলা সাত উইকেটে ৩০৫ রান তুলে প্রথম ইনিংসের সমাপ্তি ঘোষণা করে দেয়। সৌমদীপ মান্না ৯৯ রান করেছে।

এরপর নাগাল্যান্ডের দ্বিতীয় ইনিংস ৫৯ রানে শেষ হয়। নাগাল্যান্ড প্রথম ইনিংসে করেছিল ৪০ রান। চার ম্যাচে বাংলার পয়েন্ট ২৭।

আগামী শুক্রবার বাংলা গ্রুপের শেষ ম্যাচে জম্মু ও কাশ্মীরের বিরুদ্ধে খেলবে।

০০০০০০০০০০০০০০

মহিলাদের অনূর্ধ্ব ১৫ একদিনের ক্রিকেটের কোয়াটার ফাইনালে উঠছে বাংলা। গোয়ালিয়রে আজ তারা ৩৭০ রানে অরুণাচল প্রদেশকে পরাজিত করেছে।

বাংলা প্রথমে ব্যাট করে নির্ধারিত ৩৫ ওভারে পাঁচ উইকেটে ৩৮৭ রান সংগ্রহ করে। অদ্রিজা সরকার ১০৬, সন্দীপ্তা ৯০ রান করেছে। জবাবে অরুণাচল প্রদেশের ইনিংস মাত্র ১৭ রানে শেষ হয়।

বাংলার পক্ষে ঈশিতা দাস ও স্নিগ্ধা বাগ চারটি করে উইকেট নিয়েছে। দুটি উইকেট নিয়েছে প্রত্যাষা দে।

০০০০০০০০০০০০০০০০

বেঙ্গল অলিম্পিক অ্যাসোসিয়েশন 'BOA'র 'সভাপতি হয়েছেন চন্দন রায় চৌধুরী।

আজ কলকাতায় BOA, র নির্বাচনে তিনি ৪৫-২০ ভোটের ব্যবধানে হারিয়ে দিয়েছেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী ভাই স্বপন ব্যানার্জীকে।

০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০